

Times Today BD

মঙ্গলবার ইসলাম | দেশজুড়ে | 06 May, 2025

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় এলাকায় কৃষিবিদদের অধিকার রক্ষা ও বৈষম্য নিরসনে রেল লাইন অবরোধ করে বিক্ষোভ সমাবেশ করেছে শিক্ষার্থীরা। এতে ঢাকা-ময়মনসিংহ ট্রেন চলাচল সোয়া ঘন্টা বন্ধ ছিল।

মঙ্গলবার (৬ মে) সকাল ১১ টা থেকে দুপুর সোয়া ১২ টা পর্যন্ত বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় এলাকার জব্বারের মোড়ে রেল লাইন অবরোধ করে বিক্ষোভ সমাবেশ করে শিক্ষার্থীরা।

ময়মনসিংহ রেলওয়ে থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আক্তার হোসেন রেললাইন অবরোধের বিষয়টি নিশ্চিত করেছেন।

তিনি বলেন, কৃষিবিদদের অধিকার রক্ষা ও বৈষম্য নিরসনে রেল লাইন অবরোধ করে বিক্ষোভ সমাবেশ করে শিক্ষার্থীরা। এতে দেওয়ানগঞ্জগামী তিস্তা এক্সপ্রেস ফাতেমানগর ও ঢাকাগামী হাওর এক্সপ্রেস ময়মনসিংহে আটকে ছিল। অবরোধের কারণে ঢাকা ময়মনসিংহ রুটে সোয়া ঘন্টা ট্রেন চলাচল বন্ধ ছিল। বর্তমানে ঢাকা-ময়মনসিংহ রুটে ট্রেন চলাচল সচল রয়েছে।

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 17:17

URL: <https://timestodaybd.com/across-the-country/2013775807>